APR. 05 2002

যুগান্তর

তারিখ............
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

# ২০০২-২০০৩ শিক্ষা বর্ষের জন্য প্রমোট ফেলোশীপ

## *গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে মহিলা গ্রাজুয়েটদের শিক্ষকতা পেশায় কর্মসংস্থানের জন্য*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ইউরোপীয় ইউনিয়ন এর যৌথ উদ্যোগে ও অর্থায়নে শিক্ষা মন্ত্রণালয়ের অধিনস্থ মাধ্যমিক ও
উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রমোট- Programme to Motivate, Train and Employ Female Teachers in
Rural Secondary Schools (PROMOTE) প্রকল্পের প্রধান কর্মসূচী হচ্ছে সারা দেশের গ্রামীণ বেসরকারী মাধ্যমিক
বিদ্যালয়গুলিতে কর্মরত মহিলা টিচারদের দক্ষতা বৃদ্ধি এবং অধিক সংখ্যক উপযুক্ত মহিলা গ্রাজুয়েটকে গ্রামীণ মাধ্যমিক বিদ্যালয়ে
শিক্ষকতা পেশায় কর্মসংস্থানের ব্যবস্থা করা। সে লক্ষ্যে বিগত ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ থেকে বাংলাদেশের ১১টি সরকারী টিচার্স ট্রেনিং
কলেজে পরিচালিত বি.এড প্রশিক্ষণ কোর্সে অধ্যয়নের জন্য কিছু সংখ্যক প্রমোট ফেলোশীপ প্রদান করছে।

এক্ষণে আগামী ২০০২-২০০৩ শিক্ষা বর্ষ ১১টি সরকারী টিচার্স ট্রেনিং কলেজে পরিচালিত বি.এড প্রশিক্ষণ কোর্সে অধ্যয়নের জন্য
নির্ধারিত ছকে প্রমোট ফেলোশীপের জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। প্রমোট ফেলোশীপের জন্য গ্রামীণ বেসরকারী মাধ্যমিক
বিদ্যালয়গুলিতে :

ক. কর্মরত এমপিও ভূক্ত মহিলা শিক্ষক
খ. প্রমোট অর্থায়নে চুক্তি সনে কর্মরত সাবস্টিটিউট ও অতিরিক্ত শিক্ষক
গ. শিক্ষকতায় পেশা গ্রহণে আগ্রহী উপযুক্ত মহিলা গ্রাজুয়েটদের

নিকট হতে দরখাস্ত আহবান করছে। প্রমোট ফেলোশীপ হচ্ছে :

১। *প্রশিক্ষণ চলাকালে মাসিক ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা। সাফল্যের সাথে প্রশিক্ষণ সমাপ্তের পর ২৫০০.০০ টাকা মূল্যমানের শিক্ষা উপকরণ*

২। *১০(দশ) মাস (১লা জুলাই ২০০২ হতে ৩০শে এপ্রিল ২০০৩)*

### *কিভাবে আবেদন করবেন*

আগ্রহী আবেদনকারীদের অতিসত্বর সরকারী টিচার্স ট্রেনিং কলেজ (টিটিসি) চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা, ঢাকা, ময়মনসিংহ (মহিলা),
ময়মনসিংহ (কো-এডু), খুলনা, যশোর, রাজশাহী, রংপুর বা শহীদ আবদুর রব সেরনিয়াবাত টিটিসি, বরিশাল এ অবস্থিত প্রমোট
প্রজেক্টের লিয়াজোঁ অফিসারের (পিএলও) কার্যালয় থেকে ব্যক্তিগত যোগাযোগ কিংবা সাদা কাগজে স্বহস্তে লিখিত পত্র মারফত
নির্ধারিত প্রমোট ফেলোশীপ ফরম এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১০-০২-২০০২ তারিখ জারীকৃত *(যা বিগত*
*২৭/০২/২০০২খৃঃ তারিখ দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত)* বিএড কোর্সে ভর্তির আবেদনপত্র ছক সংগ্রহ করার পরামর্শ দেয়া হচ্ছে।
নির্ধারিত ফরমটি যথাযথভাবে পূরণ করে আগামী ২২ এপ্রিল ২০০২ তারিখের মধ্যে বিএড প্রশিক্ষণে আগ্রহী টিটিসিতে অবস্থিত
প্রজেক্ট লিয়াজোঁ অফিসে জমা দিতে হবে।

### *আবেদন করার ন্যূনতম যোগ্যতা*

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত বি.এড কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতাই হচ্ছে আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা। উল্লেখ্য,
আবেদনকারীর একাডেমিক ক্যারিয়ার কমপক্ষে ২য় শ্রেণীর/ক্লাসের হতে হবে। এমপিওভূক্ত মহিলা শিক্ষকদের ক্ষেত্রে আবেদনকারীকে
স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতক পাশ হতে হবে। গণিত, ইংরেজি অথবা বিজ্ঞান বিষয়ে পাঠদানকারী এমপিওভূক্ত মহিলা
শিক্ষক, সাবসটিটিউট ও অতিরিক্ত শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া হবে। একই সাথে গ্রামীণ এলাকায় শিক্ষকতার পেশা গ্রহণে আগ্রহী
উপযুক্ত মহিলা গ্রাজুয়েটদের মধ্যে গণিত, ইংরেজী অথবা বিজ্ঞান বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

### *অন্যান্য করণীয়*

ক. *সকল আবেদনকারীদের জন্য*
প্রমোট ফেলোশীপ ফরম এর সাথে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১০-০২-২০০২ তারিখ জারীকৃত বিএড
কোর্সে ভর্তির আবেদনপত্র ছকটি *(যা বিগত ২৭/২/২০০২ খৃঃ তারিখ দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত)* পূরণ করে নির্ধারিত
তারিখের মধ্যে *সকল পরীক্ষায় পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ* জমা দিতে হবে। *অসম্পূর্ণ ফেলোশীপ ফরম বাতিল বলে গণ্য হবে।*

খ. *এমপিও মহিলা শিক্ষক আবেদনকারীদের জন্য*
এমপিওভূক্ত মহিলা শিক্ষকদের ক্ষেত্রে বিএড প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট স্কুল ম্যানেজমেন্ট কমিটির অনাপত্তিপত্র এবং সর্বশেষ
এমপিও এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

### *গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে প্রমোট এর অন্যান্য সুযোগ*

**ক. প্রশিক্ষণবিহীন এমপিওভুক্ত মহিলা শিক্ষককে বিএড প্রশিক্ষণে প্রেরণ করলে**

১। স্কুল ম্যানেজিং কমিটি এমপিওভুক্ত মহিলা শিক্ষকের প্রশিক্ষণকালীন অনুপস্থিতিতে স্কুলে পাঠদান অব্যাহত রাখার স্বার্থে উপযুক্ত
যোগ্যতা সম্পন্ন একজন মহিলা গ্রাজুয়েটকে সাবসটিটিউট টিচার হিসেবে এক বছরের জন্য (জুলাই ২০০২ - জুন ২০০৩)
নিয়োগ দিবেন। নিয়োগপ্রাপ্ত উক্ত সাবস্টিটিউট টিচারের বেতন-ভাতা বাবদ মাসিক ২৫৫০/- (দুই হাজার পাঁচশত পঞ্চাশ)
টাকা প্রমোট প্রকল্প থেকে বহন করা হবে। পরবর্তী (২০০৩-২০০৪) শিক্ষাবর্ষে এই সাবস্টিটিউট টিচার প্রমোট ফেলোশীপ
নিয়ে বি.এড প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে ও মাসিক ১৫০০/- টাকা হারে দশ মাসে মোট ১৫,০০০/-
টাকা ফেলোশীপ প্রাপ্য হবেন।

২। শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট স্কুলকে এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুদান দেওয়া হবে।

**খ. প্রমোট অর্থায়নে বিএড ডিগ্রিধারী মহিলা গ্রাজুয়েটদের শূণ্য/নব সৃষ্ট পদে নিয়োগ দিলে**

১। প্রমোট ফেলোশীপের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা গ্রাজুয়েটকে এমপিওভূক্ত শূন্য পদে নিয়োগ দিলে স্কুল কর্তৃক প্রদেয়
বেতনাংশ ২ বছর কাল প্রমোট বহন করবে।

২। নবসৃষ্ট শূন্যপদে নিয়োগ দিলে ২ বছর কাল উক্ত মহিলা শিক্ষকের পুরো বেতন এবং পরবর্তী দুবছর স্কুল কর্তৃক প্রদেয় বেতনাংশ
প্রমোট বহন করবে।

৩। প্রমোট ফেলোকে নিয়োগ দিলে উক্ত স্কুলকে রিফারবিশমেন্টের জন্য অনুদান হিসাবে ৩০,০০০/- টাকা হতে ৪০,০০০/- টাকা
পর্যন্ত এককালীন অনুদান দেয়া যেতে পারে।

৪। গ্রামীণ পরিবেশে কর্মরত মহিলা টিচারদের সুন্দর ও নিরাপদ আবাসনের জন্য প্রমোট উপজেলা কমপ্লেক্সে হোস্টেল নির্মাণ করছে।

### *আরো জানতে চান*

**বিস্তারিত জানার জন্য নিকটস্থ সরকারী টিচার্স ট্রেনিং কলেজে অবস্থিত প্রজেক্ট লিয়াজোঁ অফিসে কিংবা
উপ-প্রকল্প পরিচালক প্রমোট পোষ্ট বক্স নং-৬১০১, গুলশান-২, ঢাকা-১২১২ বা ফ্যাক্স নং-৯৮৮২১৩৪
বা ই-মেইল promote@bdmail.net যোগাযোগ করুন বা ফোন নং-৯৮৮২১৩১-৩ এ আলাপ করুন।**